

সিদ্ধান্ত = ৪৪

দৈনিক  
ইনকিলাব

তারিখ: ১ ৪ OCT 2007  
পৃষ্ঠা: ১৪২, কলাম: ১/১০

# সিভিকিট ভেঙেছে: পাঠ্যপুস্তক ছাপার খরচ অধিকে নেমেছে

মাধ্যমিক ও প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা এবার বই পাবে বছরের প্রথম দিনেই

### অর্থনৈতিক রিপোর্টার

মাধ্যমিক ও প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণের দীর্ঘদিনের সিভিকিট এবার ভেঙে গেছে। ফলে এবছর সরকারের তদুপ প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণের খরচ প্রায় অর্ধেকেরও বেশী কমে গেছে। গত বছর যেখানে প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণের খরচ ছিল ১২ কোটি ৭০ লাখ টাকা (কাগজ ছাড়া) সেখানে এবার এই খরচ দাঁড়িয়েছে ৫ কোটি ৯৭ লাখ টাকায়। বর্তমান সরকারের দুর্নীতিবিরোধী তৎপরতায় শিক্ষা মন্ত্রণালয় এই সাফল্য লাভে সক্ষম হয়েছে। সরকারের এই বিপুল অর্থ সাশ্রয়ের পাশাপাশি সর্ধশ্রী ছাত্র-ছাত্রীদেরও এবার পাঠ্যবই পেতে প্রচুর সময় সাশ্রয় হচ্ছে। আগে যেখানে প্রাইমারী স্তরের এবং

১৪ ১১৪ কঃ ৪



ইনকিলাব: পাঠ্য-পুস্তক ভবনে গতকাল মতবিনিময় সভায় বক্তব্য রাখেন আবদুল আউয়াল মজুমদার

## সিভিকিট ভেঙেছে: পাঠ্যপুস্তক

১২-এর পৃষ্ঠার পর

মন্ত্রণালয় ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যবই পেতে ফেব্রুয়ারী-মার্চ পড়িয়ে যেতো, সেখানে আগামী বছরের প্রথম দিনেই (১ জানুয়ারী) সকল ছাত্র-ছাত্রী সব পাঠ্যবই পেতে পাবে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং পাঠ্যপুস্তক মুদ্রণ ও সরবরাহ সংক্রান্ত কেন্দ্রীয় মনিটরিং কমিটির আহ্বায়ক একেএম আবদুল আউয়াল মজুমদার গতকাল সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন। ২০০৮ শিক্ষা বর্ষের প্রাথমিক ছুটি ও ইংরেজী মন্ত্রণালয় বিনামূল্যে পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের হাতে যথা সময়ে পৌঁছানোর লক্ষ্যে পাঠ্যপুস্তক মুদ্রণকারী প্রতিষ্ঠানের মালিকদের সঙ্গে কেন্দ্রীয় মনিটরিং টিমের মতবিনিময় সভাপ্রসঙ্গে এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য দেন। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ভবনে এই মতবিনিময় সভা এবং সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এসময় এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর ডঃ মোহাম্মদ মছির উদ্দিন ও সচিব প্রফেসর ডঃ মোহাম্মদ সিদ্দিকুল হকসহ এনসিটিবির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে অতিরিক্ত শিক্ষা সচিব একে এম আবদুল আউয়াল মজুমদার জানান, ২০০৮ শিক্ষাবর্ষে সার্বমুখে বিনামূল্যে বিতরণের জন্য প্রাথমিক স্তরের বিভিন্ন বিষয়ের মোট ৪ কোটি ১৫ লাখ ৫৬ হাজার ৬২০ কপি এবং ইংরেজী স্তরের বিভিন্ন বিষয়ের মোট ১ কোটি ৮৬ লাখ ৪ হাজার ১৬১ কপি পাঠ্যপুস্তক মুদ্রণ ও সরবরাহ করা হবে। এসব পাঠ্যপুস্তক মুদ্রণে এবার কাগজসহ প্রাথমিক স্তরে সর্বমোট খরচ হবে ৫৬ কোটি ৪০ লাখ টাকা এবং এবেতদারী স্তরে ২০ কোটি ৫০ লাখ টাকা। ইতোমধ্যেই প্রাথমিক স্তরের পতকরা ৭৫ জাগ বই ও এবেতদারী স্তরের পতকরা ৪০ জাগ বই ছাপা হয়ে গেছে এবং বইয়ের সর্বমোট চাহিদার পতকরা ১৬ জাগ রেকর্ড পর্যায়ের ওয়ামে পৌঁছানো হয়ে গেছে। অবশিষ্ট বই আগামী ১৫ নভেম্বরের মধ্যে রেকর্ড পর্যায় পৌঁছানো সম্পন্ন হবে এবং এরপর সকল উপজেলা পর্যায়ের ও তারপর ডিসেম্বরের মধ্যে কুলুঙ্গীসহ পঞ্চম স্তরের সরবরাহ শেষ হবে। নতুন বছরের প্রথম দিনেই সকল শিক্ষার্থীর হাতে পূর্ণ পেন্সন বই পৌঁছানো হবে।